

## 67745 - কসমেটিকস সামগ্রী বিক্রি করার হুকুম

### প্রশ্ন

পারফিউম, এক্সেসোরিজ, কসমেটিকস, জামাকাপড় ঐ সকল নারীর কাছে বিক্রি করার হুকুম কি যারা এগুলো বাসা থেকে বাইরে বের হওয়ার সময় ব্যবহার করে থাকে এবং পুরুষেরা এসব জিনিস দেখে থাকে?

### প্রিয় উত্তর

এসব জিনিস বিক্রি করার হুকুম ব্যাখ্যাযোগ্য:

ক. আপনি যদি এসব জিনিস এমন ব্যক্তির কাছে বিক্রি করেন যার ব্যাপারে জানতে পারেন যে, সে এ সকল জিনিস হারাম প্রদর্শনে ব্যবহার করবে তাহলে জায়েয হবে না।

খ. যদি আপনি যার কাছে বিক্রি করছেন তার ব্যাপারে জানেন যে, সে বৈধ সাজ গ্রহণের ক্ষেত্রে এগুলো ব্যবহার করবে তাহলে বিক্রি করা জায়েয হবে।

গ. যদি আপনি বিক্রিকারীর ব্যাপারে কোন কিছু না জানেন তাহলে তার কাছে বিক্রি করা জায়েয হবে।

স্থায়ী কমিটিকে জিজ্ঞেস করা হয়েছিল:

নারীদের প্রসাধনীর ব্যবসা করার হুকুম কি? এবং এমন নারীর কাছে বিক্রি করার হুকুম কি যার ব্যাপারে বিক্রেতা জানতে পারে যে, সে রাস্তাঘাটে বেগানা পুরুষদের কাছে নিজেকে প্রদর্শনীতে এ সামগ্রী ব্যবহার করবে। যেমনটি তিনি তার সামনেই ঐ নারীর অবস্থা দেখতে পাচ্ছেন এবং যেমনটি কিছু কিছু দেশে এটাই সাধারণ অবস্থা?

জবাবে তারা বলেন: “বিক্রেতা যদি জানতে পারেন যে, যিনি এগুলো খরিদ করছেন তিনি এগুলোকে আল্লাহর নিষিদ্ধকৃত ক্ষেত্রে ব্যবহার করবেন তাহলে বিক্রি করা জায়েয হবে না। কেননা এই বিক্রির মাধ্যমে পাপ ও সীমালঙ্ঘনের ক্ষেত্রে সহযোগিতা রয়েছে। পক্ষান্তরে বিক্রেতা যদি জানেন যে, এই ক্রেতা-নারী তার স্বামীর জন্য সাজ গ্রহণ করবেন কিংবা কোন কিছুই না জানেন তাহলে তার জন্য এমন সামগ্রী দিয়ে ব্যবসা করা জায়েয হবে।”[সমাণ্ড]

[ফাতাওয়াল লাজনাদ দায়িমা (১৩/৬৭)]

আল্লাহই সর্বশ্রেষ্ঠ।